

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
হজ-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
website : www.hajj.gov.bd

নং-১৬.০০.০০০০.০০৩.৪০.০০১.২১.৭৯১


তারিখ : ২৮ জ্যৈষ্ঠ ১৪২৯  
১১ জুন ২০২২

বিষয় : পবিত্র হজ ২০২২ এর অনুমোদিত ফ্লাইট সিডিউলে অনুমোদিত নতুন ফ্লাইট সংযুক্তকরণের বিষয়ে সতর্কীকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অনানুষ্ঠানিকভাবে হজ অফিস, ঢাকা হতে জানা যায় যে, ১২.০৬.২০২২ খ্রি. তারিখ ০২.৪৫ টায় SV3803 নামীয় একটি ফ্লাইট হজ সিডিউলে যুক্ত হয়েছে। পরবর্তীতে মন্ত্রণালয় হতে সৌদি এয়ারবিয়ান এয়ারলাইন্সের সাথে যোগাযোগ করে উক্ত ফ্লাইট সম্পর্কে মন্ত্রণালয় অবহিত হয়। উল্লেখ্য, ফ্লাইট সিডিউল সংক্রান্ত ইতোপূর্বে অনুষ্ঠিত সভায় সর্বসম্মতভাবে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত কোন ফ্লাইট বাতিল/সংযুক্ত করা যাবে না। কিন্তু সৌদি এয়ারবিয়ান এয়ারলাইন্স সিডিউলে মন্ত্রণালয়ের পূর্বানুমতি ব্যতিরেকে ১২.০৬.২০২২ খ্রি. তারিখ ০২.৪৫ টায় SV3803 নামীয় একটি ফ্লাইট হজ সিডিউলে যুক্ত করেছে; যা রুট টু মক্কা কর্মসূচি, বাংলাদেশ পর্বের ইমিগ্রেশন এবং এভিয়েশন এর উপর চাপ সৃষ্টি করেছে। এতে সুষ্ঠু হজ ব্যবস্থাপনায় অন্তরায় সৃষ্টি হয়েছে। উল্লেখ্য, ১২.০৬.২০২২ খ্রি. তারিখ ০৩.৩০ টায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের BG3015 নামীয় একটি ফ্লাইট রয়েছে। এর ফলে ফ্লাইটটি সুষ্ঠুভাবে পরিচালনায়ও ব্যত্যয় ঘটান সম্ভাবনা রয়েছে।

০২। এমতাবস্থায়, সৌদি এয়ারবিয়ান এয়ারলাইন্সকে সংশ্লিষ্ট সকল পক্ষের সাথে সমন্বয় করে এ ফ্লাইটটি সুষ্ঠুভাবে পরিচালিত করার জন্য বলা হলো এবং একইসাথে এ বিষয়ে ব্যাখ্যা প্রদান করার জন্য বলা হলো। ভবিষ্যতে এ ধরনের কাজ করা যাবে না মর্মে সতর্ক করা হলো।

০৩। সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে বিষয়টি অতিব জরুরি।

  
১১.০৬.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
উপসচিব  
ফোন: ৫৫১০১১১৮  
morahajsection@gmail.com


কান্ট্রি ম্যানেজার  
সৌদি এয়ারবিয়ান এয়ারলাইন্স  
হোটেল সোনারগাঁও, ঢাকা

নং-১৬.০০.০০০০.০০৩.৪০.০০১.২১.৭৯১

তারিখ : ২৮ জ্যৈষ্ঠ ১৪২৯  
১১ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতারভিত্তিতে নয়) :

১. মানাবর রাষ্ট্রদূত, রাজকীয় সৌদি দূতাবাস, গুলশান, ঢাকা
২. চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক), কুর্মিটোলা, ঢাকা
৩. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, কুর্মিটোলা, ঢাকা
৪. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা
৫. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. ম্যানেজার, রুট টু মক্কা ইনিশিয়েটিভ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা
৮. প্রতিনিধি, ইউনাইটেড এজেন্টস, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা
৯. অফিস কপি।

  
১১.০৬.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
উপসচিব